

একটি গোপন ফোল্ডারের মধ্যে ব্যালোট চিহ্নিত করে রাখুন

যদি আপনি অগ্রিম ভোটদানের সময় অথবা নির্বাচনের দিন প্রযুক্তির মাধ্যমে একটি সমীক্ষায় ভোট দেন, তাহলে আপনি একটি গোপন ফোল্ডারের মধ্যে একটি ব্যালোট পাবেন।

1. ব্যালোট সহ সংশ্লিষ্ট গোপন ফোল্ডারটি ভোটিং স্কিনের পেছনে নিন।
2. গোপন ফোল্ডার থেকে ব্যালোটটিকে সরিয়ে নিন এবং ভোট দেওয়ার জন্য আপনার পছন্দের প্রার্থীর নামের পাশে অবস্থিত সাদা বৃত্তের মধ্যে একটি X চিহ্ন দিন।
3. চিহ্নিত ব্যালোটটিকে গোপন ফোল্ডারটির ভেতরে রেখে দিন এবং ভোট ট্যাবুলেটেরে থাকা ব্যক্তির কাছে সেটি নিয়ে যান।
4. ট্যাবুলেটেরে আপনার ব্যালোট ঢোকানো পর্যন্ত অপেক্ষা করুন।

যদি আপনি আপনার ব্যালোটে চিহ্নিত করার সময় কোনো ভুল করে থাকেন, তাহলে ওই গোপন ফোল্ডারের মধ্যে ব্যালোটটিকে চুকিয়ে নির্বাচন আধিকারিকের কাছে ফিরিয়ে দিন। তাঁরা আপনাকে চিহ্নিত করার জন্য ব্যালোটটিকে পরিবর্তন করে দেবেন।

একটি ভাঁজ করা ব্যালোট চিহ্নিত করুন

যদি আপনি অগ্রিম ভোট দানের সময় অথবা নির্বাচনের দিন প্রযুক্তি ছাড়া একটি সমীক্ষায় ভোট দেন, তাহলে আপনি একটি ভাঁজ করা ব্যালোট পাবেন।

1. ভোটিং স্কিনের পেছনে ভাঁজ করা ব্যালোটটিকে নিয়ে যান।
2. প্রার্থীর নাম খোঁজার জন্য ব্যালোটটিকে খুলুন।
3. ভোট দেওয়ার জন্য আপনার পছন্দের প্রার্থীর নামের পাশে অবস্থিত সাদা বৃত্তের মধ্যে একটি X চিহ্ন দিন।
4. ব্যালোটের পেছনে থাকা তাঁদের স্বাক্ষরের সত্যতা পরীক্ষা করার জন্য চিহ্নিত ব্যালোটটিকে পুনরায় ভাঁজ করে নির্বাচন আধিকারিকের কাছে ফিরিয়ে দিন।
5. একবার ব্যালোটের সত্যতা পরীক্ষা হয়ে যাওয়ার পর, সেটি ব্যালোট বক্সে জমা করার জন্য আপনাকে ফিরিয়ে দেওয়া হবে।

যদি আপনি আপনার ব্যালোটে চিহ্নিত করার সময় কোনো ভুল করে থাকেন, তাহলে ব্যালোটটিকে ভাঁজ করে নির্বাচন আধিকারিকের কাছে ফিরিয়ে দিন। তাঁরা আপনাকে চিহ্নিত করার জন্য ব্যালোটটিকে পরিবর্তন করে দেবেন।

একটি রাইট-ইন ব্যালোট চিহ্নিত করুন

যদি আপনি আপনার রিটার্নিং অফিসে ভোট দান করেন, তাহলে আপনি একটি রাইট-ইন ব্যালোট পাবেন।

1. ভোটিং স্কিনের পেছনে ভাঁজ করা ব্যালোটটিকে নিয়ে যান।
2. ব্যালোট পত্রে প্রদত্ত শূন্য স্থানে ভোট দেওয়ার জন্য আপনার পছন্দের প্রার্থীর নামের প্রথমংশ ও শেষাংশ লিখুন।
3. ব্যালোটের পেছনে থাকা তাঁদের স্বাক্ষরের সত্যতা পরীক্ষা করার জন্য চিহ্নিত ব্যালোটটিকে পুনরায় ভাঁজ করে

নির্বাচন আধিকারিকের কাছে ফিরিয়ে দিন।

4. একবার ব্যালোটের সত্যতা পরীক্ষা হয়ে যাওয়ার পর, সেটি ব্যালোট বক্সে জমা করার জন্য আপনাকে ফিরিয়ে দেওয়া হবে।

যদি আপনি আপনার ব্যালোটে চিহ্নিত করার সময় কোনো ভুল করে থাকেন, তাহলে ব্যালোটটিকে ভাঁজ করে নির্বাচন আধিকারিকের কাছে ফিরিয়ে দিন। তাঁরা আপনাকে চিহ্নিত করার জন্য ব্যালোটটিকে পরিবর্তন করে দেবেন।